



সংবাদ বিজ্ঞপ্তি

নোবিপ্রবির আহত শিক্ষার্থীদের মাঝে অনুদান প্রদান

নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে (নোবিপ্রবি) বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনে আহত শিক্ষার্থীদের মাঝে আর্থিক সহায়তা ও অনুদান প্রদান করা হয়েছে। বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য অধ্যাপক ড. মুহাম্মদ ইসমাইল আজ বৃহস্পতিবার (১৯ সেপ্টেম্বর ২০২৪) উপাচার্যের সম্মেলন কক্ষে আয়োজিত এক অনুষ্ঠানে শিক্ষার্থীদের মাঝে অনুদানের চেক হস্তান্তর করেন। অনুদান প্রাপ্ত শিক্ষার্থীরা হলেন নোবিপ্রবি আইন বিভাগের জাফর আহমেদ সজীব ও অর্থনীতি বিভাগের কাওছার আহমেদ। তাদের প্রত্যেককে এক লাখ টাকা করে মোট দুই লাখ টাকার চেক প্রদান করা হয়।

অনুষ্ঠানে বিশ্ববিদ্যালয়ের ফার্মেসী বিভাগের অধ্যাপক ও চেয়ারম্যান ড. মোহাম্মদ শফিকুল ইসলাম, গণিত বিভাগের অধ্যাপক ও চেয়ারম্যান ড. মোহাম্মদ হানিফ, ফিশারিজ এন্ড মেরিন সায়েন্স বিভাগের অধ্যাপক ড. মোঃ জাহাঙ্গীর সরকার, প্রক্টর এএফএম আরিফুর রহমান, রেজিস্ট্রার (চলতি দায়িত্ব) তামজিদ হোছাইন চৌধুরীসহ বিভিন্ন বিভাগের শিক্ষক-শিক্ষার্থী, কর্মকর্তাবৃন্দ, বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনের শিক্ষার্থীবৃন্দ ও সাংবাদিকবৃন্দ উপস্থিত ছিলেন।

ইফতেখার হোসাইন

সহকারী পরিচালক (তথ্য ও জনসংযোগ)

মোবা- ০১৭৩৩৯৯৮৮৯৪